



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref:

Date: ২৪ নভেম্বর ২০১০

প্রেস বিজ্ঞপ্তি

**বিলাইছড়িতে গণতান্ত্রিক যুব ফোরামের দুই সদস্য গ্রেফতার, সেনারা  
ইউপিডিএফ অফিস বন্ধ করে দিয়েছে**

আজ ২৪ নভেম্বর বুধবার দুপুর বারটার দিকে সেনাবাহিনীর সদস্যরা গণতান্ত্রিক যুব ফোরামের দুই সদস্যকে রাঙামাটি জেলার বিলাইছড়ি ইউপিডিএফ-এর অফিস থেকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃতরা হলেন কাঙারাছড়ি ইউনিয়নের অধীন ঘিলাছড়ি গ্রামের সুমন চাকমা (২২) পিতার নাম শান্তি লাল চাকমা ও বাঙালকাবা গ্রামের মংপ্র মারমা পিতার নাম মংসিলা মারমা।

আটককৃতরা আগামী ২৯ নভেম্বর ঢাকায় অনুষ্ঠিতব্য “পার্বত্য চট্টগ্রামে জাতিগত নিপীড়ন বিরোধী কনভেনশনে” অংশগ্রহণের জন্য প্রস্তুতি নিচ্ছিলেন। তাদের কাছ থেকে এই কনভেনশনের জন্য জাতীয় মুক্তি কাউন্সিল কর্তৃক প্রকাশিত চাঁদার কুপন ছাড়া আর কোন কিছু পাওয়া যায়নি।

গ্রেফতারের পর সেনারা বিলাইছড়ি সদরে অবস্থিত ইউপিডিএফ-এর অফিসটি তালা মেরে বন্ধ করে দিয়েছে।

ইউপিডিএফ রাঙামাটি জেলা ইউনিটের প্রধান সংগঠক শান্তিদেব চাকমা ও গণতান্ত্রিক যুব ফোরামের আহ্বায়ক মিঠুন চাকমা এক যুক্ত বিবৃতিতে উক্ত দুই সদস্যকে গ্রেফতারের তীব্র প্রতিবাদ জানিয়ে অবিলম্বে তাদের নিঃশর্ত মুক্তি দাবি করেছেন।

তারা সেনাবাহিনী কর্তৃক বারংবার ইউপিডিএফ ও তার সহযোগী সংগঠনের শান্তিপূর্ণ গণতান্ত্রিক কার্যক্রমে হস্তক্ষেপের পরিণাম শুভ হবে না বলে হুঁশিয়ারী উচ্চারণ করেন।

বার্তা প্রেরক

সোনামনি চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ, রাঙামাটি ইউনিট